EASTHANDS
inspiring change

# Newsletter 2023

# নিউজলেটার ২০২৩



# রাজার বাড়ির চিঠি

রানি দ্বিতীয় এলিজাবেথ মারা যাওয়ার পর ইষ্টহ্যান্ডস চ্যারিটির পক্ষ থেকে স্বেচ্ছাসেবী হিসাবে আ স ম মাসুম চার রাত রানির মরদেহে শেষ শ্রদ্ধা জানানোর জন্য আসা হাজার হাজার মানুষের লাইনে গরম খাবার সরবরাহ করায় রাজা তৃতীয় চার্লস কৃতজ্ঞতা প্রকাশ করে ব্যাক্তিগত চিঠি ও কার্ড দিয়েছেন।









# সুবিধাবঞ্চিত শিশুদের জন্য অর্থ সংগ্রহ

## ২৩ জুলাই ইস্টহ্যান্ডস চ্যারিটির ব্যাডমিণ্টন টুর্নামেণ্ট

প্রথম ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২২ সফল ভাবে সমাপ্ত হওয়ায় এবছর ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন দ্বিতীয় টুর্নামেন্ট আগামী ২৩ জুলাই (রবিবার) ২০২৩ রেডব্রিজ স্পোর্টস সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে। সকাল ১০টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত এ টুর্ণামেন্ট চলবে। সকাল সাড়ে ১০টায় উদ্বোধনী অনুষ্ঠান, বিকেল ৫টা থেকে ফাইনাল ম্যাচ এবং রাত ৮টার দিকে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

এই টুর্নামেন্ট সফল করার লক্ষ্যে শুক্রবার, ১৬ জুন পূর্ব লন্ডনের একটি রেস্টুরেন্টে দ্বিতীয় প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির চেয়ারম্যান বিশিষ্ট ক্রীড়াবিদ সাংবাদিক নবাব উদ্দিন এর সভাপতিত্বে। এতে বক্তব্য রাখেন টুর্নামেন্টের অন্যতম উদ্যোক্তা সাবেক কাউন্সিলর আতাউর রহমান, টাওয়ার হ্যামলেটস ব্যাডমিন্টন ক্লাবের সাবেক চেয়ারম্যান বাবলুল হক, তাকওয়া ব্যাডমিন্টন ক্লাবের চেয়ারম্যান সাংবাদিক মো: আব্দুল মুনিম জাহেদী ক্যারল, সেক্রেটারি ফারুক ফুয়াদ চৌধুরী, ম্যান্নিস রেস্টুরেন্টের সাবেক পরিচালক ও বিশিষ্ট ক্রীড়াবীদ মাহিদুল ইসলাম চৌধুরী, টাওয়ার হ্যামলেটস ব্যাডমিন্টন ক্লাবের অন্যতম প্রতিষ্ঠাতা সলিসিটর সেবলুল হক, সোয়ানলী স্কুলের শিক্ষক, বিশিষ্ট ক্রীড়াবিদ আব্দুল মুক্তাদির শামিম, বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন ইউকের ভাইস প্রেসিডেন্ট হাবিব আহমেদ, তাকওয়া ব্যাডমিন্টন ক্লাবের ট্রেজারার মুহাজ্জেম আহমেদ রিবু প্রমুখ।

এবারের টুর্নামেন্টে গ্রুপ (১): এ এবং বি অথবা বি+ এবং বি+ গ্রুপ (২): সি এবং সি অথবা সি+ এবং সি গ্রুপ (৩): ডি এবং ডি অথবা ডি+ এবং ডি ব্যাডমিন্টন গ্রুপ ছাড়াও, কমিউনিটির সেলিব্রিটি এবং সাংবাদিকদের জন্য একটি বিশেষ ৫০+ গ্রুপ থাকবে।



ঐতিহাসিক এই ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজক ও পৃষ্ঠপোষক, ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির চেয়ারম্যান, ক্রীড়াবিদ সাংবাদিক নবাব উদ্দিন বলেছেন, যারা আসন্ন এই ব্যাডমিন্টন টুর্নামেন্টে অংশ নিতে আগ্রহী, তাদেরকে টাওয়ার হ্যামলেটস ব্যাডমিন্টন ক্লাব ও তাকওয়া ব্যাডমিন্টন ক্লাবের নির্বাহী সদস্যদের সাথে অথবা মাহিদুল ইসলাম চৌধুরী এর সাথে যোগাযোগ করতে পারেন। তিনি আরো বলেছেন, সবার সহযোগিতা পেলে এই টুর্নামেন্টে সারা যুক্তরাজ্য থেকে দুই শতাধিক প্লেয়ার অংশ নেবে। এত বড় ব্যাডমিন্টন টুর্নামেন্ট দেখার জন্য সবাইকে ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির পক্ষ থেকে আমন্ত্রণও জানাচ্ছি। উল্লেখ্য, প্রথম ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২২ সফলভাবে সমাপ্ত হওয়ায় এবছর দ্বিতীয় ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন টুর্নামেন্টের ঘোষণা দেন ইস্টহ্যান্ডস চ্যারিটি চেয়ারম্যান বিশিষ্ট ক্রীড়াবিদ সাংবাদিক নবাব উদ্দিন। বাংলাদেশে বিশেষ সাহায্যের প্রয়োজন রয়েছে এমন শিশুদের (দরিদ্র অন্ধ, বধির এবং মূক শিশু) জন্য তহবিল সংগ্রহের জন্য ২য় চ্যারিটি ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজন করছে ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটি।

# জুড়ীতে আম্বিয়া মোসলেহ উদ্দিন ট্রাস্ট ও ইস্ট হ্যান্ডসের সহযোগিতায় ঘরের চাবি হস্তান্তর




মৌলভীবাজারের জুড়ীতে আম্বিয়া মোসলেহ উদ্দিন ট্রাস্ট ও ইস্টহ্যান্ডস চ্যারিটির উদ্যোগে ২ লাখ ৫০ হাজার টাকা ব্যয়ে কম ভাগ্যবান রফিক মিয়াকে একটি পাকা ঘর নির্মাণ করে দিয়ে আনুষ্ঠানিকভাবে চাবি হস্তান্তর করা হয়েছে।

ট্রাস্টের চেয়ারম্যান লন্ডন বাংলা প্রেসক্লাবের ট্রেজারার সালেহ আহমদের বড় ভাই পরিচালক সাইফুদ্দিন মানিক খোশমানের সভাপতিত্বে ও জুড়ী প্রেসক্লাবের সহ সভাপতি, মানব ঠিকানা পত্রিকার সিনিয়র স্টাফ রিপোর্টা হারিস মোহাম্মদের উপস্থাপনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, জুড়ী উপজেলা দুর্ণীতি প্রতিরোধ কমিটির সভাপতি আলহাজ্ব তাজুল ইসলাম। বিশেষ অতিথির বক্তব্য দেন বিশিষ্ট সমাজসেবক হাজী আব্দুল মজিদ, খোরশেদ আলম ও ব্যবসায়ী কবির উদ্দিন প্রমুখ। হরিরামপুর গ্রামের মৃত আব্দুর রশিদের পুএ রফিক মিয়া বলেন,আমার ভাঙ্গাচুরা একটি ঘর ছিল, বৃষ্টির সময় ঘরের ভিতর পানি জমে যেত। স্ত্রী সন্তানদের নিয়ে অনেক কষ্ট করে বসবাস করতে হয়েছে। আম্বিয়া মোসলেহ উদ্দিন ট্রাস্ট ও ইস্ট হ্যান্ডের পাকা বসত ঘর পেয়ে আমি অনেক খুশি।



কুলাউরা উপজেলার আবিদ মিয়ার মেয়ে আনিকা আক্তারের ডান পা একটি দূর্ঘটনায় কেটে ফেলা হয়। ইষ্টহ্যান্ডসের পক্ষ থেকে তাকে একটি উন্নতমানের প্রসথেটিক পা লাগানোর জন্য আর্থিক সহযোগিতা করা হয়েছে। মেয়েটি যাতে স্বাভাবিকভাবে হাটতে পারে।

# সুনামগঞ্জে বন্যা কবলিত এলাকায় শিক্ষা উপকরণ বিতরণ করলো ইস্টহ্যান্ডস






ইস্টহ্যান্ডসের উদ্যোগে সুনামগঞ্জের বন্যাদূর্গত এলাকা জামালগঞ্জ উপজেলার ফেনারবাঁকে শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা উপকরণ কেনার জন্য নগদ অর্থ প্রদান করা হয়। ফেনারবাকের ফেরদৌসী আলী আমজাদ চৌধুরী উচ্চ বিদ্যালয়ের ৩০ জন শিক্ষার্থীদের মধ্যে এই নগদ অর্থ দেয়া হয়। নবম শ্রেণীর শিক্ষার্থী শারমীন বেগম বলেন, এই অর্থ দিয়ে আমি খাতা, কলম ও জ্যামিতি বক্স কিনবো।

স্কুলের প্রতিষ্ঠাতা শাহরিয়ার বিপ্লব বলেন, দরিদ্র শিক্ষার্থীদের অনেকেই এই সহায়তা দিয়ে তাদের প্রয়োজনীয় শিক্ষা উপকরণ কিনতে পারবেন।





# জমকালো আয়োজনে ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২২ সম্পন্ন

বিপুল উৎসাহ ও উদ্দীপনায় লন্ডনে অনুষ্ঠিত হয় ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির প্রথম ব্যাডমিন্টন টুর্নামেন্ট। ২০২২ সালে ২১ আগষ্ট রোববার এসেক্স বার্কিংসাইড এলাকার রেডব্রিজ স্পোর্টস সেন্টারে এই চ্যারিটি টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টটি সকাল ১০টা থেকে শুরু হয়ে চলে রাত সাড়ে ৯টা পর্যন্ত।

এই চ্যারিটি টুর্নামেন্ট উদ্বোধন করেন ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির চেয়ারম্যান বিশিষ্ট ক্রীড়াবিদ সাংবাদিক নবাব উদ্দিন। এ সময় আরো বক্তব্য রাখেন টুর্নামেন্টের অন্যতম স্পনসর ও জেএমজি কার্গোর পরিচালক মনির আহমদ।

জমকালো এই ঐতিহাসিক খেলায় অংশগ্রহণের জন্য লন্ডন ছাড়াও লুটন, বার্মিংহাম, লেস্টার, রেডিং, সারে, পোর্স্টমাউথ, কার্ডিফ, ম্যানচেস্টার, সাউথহ্যাম্পটন, কেম্ব্রিজ, ডনকাস্টার, ইপসউইচসহ যুক্তরাজ্যের বিভিন্ন শহর থেকে প্রায় ১৮০ জন (৯০ টিম) খেলোয়াড় অংশগ্রহণ করে এক ব্যতিক্রমী চমক লাগিয়েছে।

এ এবং বি পাস, বি এবং সি, ডি এবং ডি ব্যাডমিন্টন গ্রুপ ছাড়াও কমিউনিটি সেলিব্রিটি এবং সাংবাদিকদের জন্য একটি বিশেষ ৫০+ গ্রুপ খেলায় অংশগ্রহন করে। এতে ব্রিটেনের কমিউনিটি সেলিব্রিটি এবং সাংবাদিকরা একদিনের জন্য আনন্দ করতে পারেন।

এ এবং বি পাস ক্যাটাগরির ফাইনাল খেলায় হাড্ডা হাড্ডি লড়াই করে জয়নাল ও সিয়াম জুটি জুয়েল ও এডি জুটিকে পরাজিত করে বিজয় ছিনিয়ে নেয়।

বি এবং সি ক্যাটাগরির ফাইনাল খেলায় মুকিত ও মকবুল জুটি চ্যাম্পিয়ান এবং সুহান চৌধুরী ও বিজয় শিং জুটি রানার্সআপ, ডি এবং ডি ক্যাটাগরির ফাইনাল খেলায় আলতাফ ও শেখ তানভির জুটি চ্যাম্পিয়ান এবং জুনেদ ও আল আমিন জুটি রানার্সআপ এবং কমিউনিটি সেলিব্রিটি এবং সাংবাদিক গ্রুপের ফাইনাল খেলায় এমরান আহমদ ও আসাদুজ্জামান সুমন জুটি চ্যাম্পিয়ান এবং বাবলুল হক ও আব্দুল মুনিম জাহেদী ক্যারল জুটি রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করেছেন। বিজয়ীদের হাতে ট্রফি ও নগদ অর্থ তুলে দেন অথিতিবৃন্দ এবং খেলার আয়োজকরা। বিশেষ পুরস্কার ছিল লন্ডন তুরস্ক রিটার্ন টিকিট।

খেলা শেষে এক মনোজ্ঞ পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির চেয়ারম্যান বিশিষ্ট ক্রীড়াবিদ, লন্ডন বাংলা



প্রেসক্লাবের সাবেক সভাপতি, সাংবাদিক নবাব উদ্দিনের সভাপতিত্বে এতে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ব্রিটিশ বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির পরিচালক সাইদুর রহমান রেনু, ট্রাভেল লিংক ওয়ার্ল্ডওয়াইডের পরিচালক সামি সানাউল্লাহ, সাবেক কাউন্সিলর আতাউর রহমান, কাউন্সিলর জোসনা ইসলাম, কাউন্সিলর সমসুল ইসলাম, কাউন্সিলর হারুন মিয়া, সাবেক কাউন্সিলর খালেদ নুর, হিলসাইড ট্রাভেল এর পরিচালক হেলাল খান, ম্যান্নিস রেস্টুরেন্টের পরিচালক মাহিদুল ইসলাম চৌধুরী, রাইট লেন প্রপার্টির ডাইরেক্টর ও তাকওয়া ব্যাডমিন্টন ক্লাবের সেক্রেটারি ফারুক ফুহাদ চৌধুরী, সাংবাদিক পলি রহমান, বিশিষ্ট ব্যবসায়ী নাসির রহমান, বাবলুল হক, মো: আব্দুল মুনিম জাহেদী ক্যারল, সাবেক প্লেয়ার আবুল বাসার ও আব্দুল্লাহ ব্যাডমিন্টন প্রোমোশনের আব্দুলাহ মহিম প্রমুখ।

ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন টুর্নামেন্ট সফল করার জন্য চ্যানেল এস, প্রতিষ্ঠিত ব্যাবসায়ী ও ইবকো ব্রান্ডের পরিচালক ইকবাল আহমদ ওবিই, জেএমজি কার্গো, ট্রাভেল লিংক ওয়ার্ল্ডওয়াইড, হিলসাইড ট্রাভেল, ফিস্ট অ্যান্ড মিস্টি, ডবিউপিসি, কিংডম সলিসিটরস, ডঃ নুরুন নবী, ফুডবাজার, রাইটলেন প্রোপার্টিজ লিমিটেড, ম্যান্নিস রেষ্টুরেন্ট, রানার মিডিয়া, আলফা ডিজাইন অ্যান্ড প্রিন্ট এবং ওয়াটনি এন্টারপ্রাইজ (স্পনসর) সহযোগিতা করে।

টুর্নামেন্ট আয়োজনে টাওয়ার হ্যামলেটস ব্যাডমিন্টন ক্লাব এবং তাকওয়া ব্যাডমিন্টন ক্লাব বিশেষ সহায়তা করেছে।

অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন কাউন্সিলর আবদাল উল্লাহ, ব্যারিস্টার তারেক চৌধুরী, সাংবাদিক মিসবাহ জামাল, সাংবাদিক সৈয়দ আনাস পাশা, ব্যবসায়ী মুসলেহ উদ্দিন, ফিস্ট অ্যান্ড মিস্টির মালিক শরীফ ইসলাম, তরুণ ব্যবসায়ী মুমিন আলী লিটন, কাউন্সিলর রেবেকা সুলতানা, সাংবাদিক রোমানা রাকি, মিসেস আনাস পাশা, ফয়সাল আইয়ূব, প্রভাষক ইমামুল ইসলাম চৌধুরী, মোঃ মাসুম প্রমুখ।

ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটির ব্যাডমিন্টন টুর্নামেন্টের পরিচালনা কমিটিতে ছিলেন সাংবাদিক নবাব উদ্দিন, সাবেক কাউন্সিলর আতাউর রহমান, বিএফএলের সাবেল প্রেসিডেন্ট ফখরুল ইসলাম, টাওয়ার হ্যামলেটস ব্যাডমিন্টন ক্লাবের সাবেক চেয়ারম্যান বাবলুক হক, তাকওয়া ব্যাডমিন্টন ক্লাবের চেয়ারম্যান মোঃ আব্দুল মুনিম জাহেদী ক্যারল, সলিসিটর সেবলুল হক, সোয়ানলী স্কুলের শিক্ষক, বিশিষ্ট ক্রীড়াবিদ আব্দুল মুক্তাদির শামিম, বিশিষ্ট ব্যবসায়ী মাহিদুল ইসলাম চৌধুরী, রানার টিভির পরিচালক সাংবাদিক আ স ম মাসুম, লন্ডন বাংলা প্রেস ক্লাবের কোষাধ্যক্ষ সালেহ আহমদ, লন্ডন বাংলা প্রেস ক্লাবের সাংগঠনিক ও প্রশিক্ষণ সম্পাদক মো. এমরান আহমদ, লন্ডন বাংলা প্রেস ক্লাবের নির্বাহী

সদস্য আহাদ চৌধুরী বাবু, সুহান আহমদ ও তাকওয়া ব্যাডমিন্টন ক্লাবের ট্রেজারার মুহাজ্জেম আহমেদ রিবু, সাংবাদিক পলি রহমান, মোঃ ইমন, মোঃ একরাম, বিডিনিউজ টোয়েন্টিফোরের প্রবাসী সম্পাদক বিশ্বদীপ দাস, মকবুল, মিসবাহ মাহফুজ প্রমুখ। ঐতিহাসিক এই ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজন এবং পৃষ্ঠপোষকতায় জড়িত সকলকে ধন্যবাদ জানানো হয় ইস্টহ্যান্ডস ইন্টারন্যাশনাল চ্যারিটি ব্যাডমিনটন কমিটির পক্ষ থেকে। বাংলাদেশে বিশেষ সাহায্যের প্রয়োজন রয়েছে এমন শিশুদের (দরিদ্র অন্ধ, বধির এবং মূক শিশু) জন্য তহবিল সংগ্রহের যুবক এবং মহিলাসহ আরও বড় আকারে টুর্নামেন্টের আয়োজন করা হবে বলে জানান তারা।






# গরমে মানুষের মধ্যে পানি ও ছাতা বিতরণ করলো ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাষ্ট ও ইস্টহ্যান্ডস

লন্ডনে যখন তাপমাত্রা প্রায় ৪১ ডিগ্রী ঠিক তখনই ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্ট ও ইস্টহ্যান্ডস চ্যারিটি যৌথভাবে পূর্ব লন্ডনের স্ট্রার্টফোর্ডে শতাধিক মানুষের মধ্যে এই ঠান্ডা পানি, শুকনো খাবার ও ছাতা বিতরণ করে।

এই কার্যক্রমে যোগ দেন স্ট্রার্টফোর্ড এলাকার কাউন্সিলার সাবিহা কামালী। তিনি বলেন, এতো গরমে মানুষের মধ্যে এই ঠান্ডা পানি বিতরণ অসাধারণ কাজ এতে কিছু মানুষ কিছুটা হলেও স্বস্তি পাবেন।





# যুক্তরাজ্য ভিত্তিক দাতব্য সংগঠন ইস্ট হ্যান্ডস ইউকে'র উদ্যোগে সিলেটে অসহায় প্রতিবন্ধীদের জন্য ঈদ উপহার



সিলেট নগরীর ৫নং ওয়ার্ডের প্রতিবন্ধী শিশু, বৃদ্ধ, নারী ও পুরুষদের মধ্যে এসব খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। শুক্রবার (২১ এপ্রিল ২০২৩) সিলেট নগরের আম্বরখানা বড়বাজার এলাকায় সিলেট সিটি কর্পোরেশনের কাউন্সিলর রেজওয়ান আহমদের সহযোগিতায় এ উপহার সামগ্রী তাদের হাতে তুলে দেয়া হয়।

এসময় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আসন্ন সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী যুক্তরাজ্য আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আনোয়ারুজ্জামান চৌধুরী।

তিনি বলেন, প্রতিবন্ধিরা আমাদের দেশের সম্পদ। তাদেরকে কাজে লাগিয়ে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলতে হবে। ইস্ট হ্যান্ডস পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে তাদের হাতে উপহার তুলে দিয়েছে, এমন উদ্যোগ প্রশংসনীয়।
















২০২৩ সালে মৌলভীবাজার ও সুনামগঞ্জে প্রায় ২৫০ পরিবারের ১৫০০ মানুষকে রমজানের ফুডপ্যাক দেয়া হয়। একেকটি ফুডপ্যাকে চাল, ডাল, তেল, মশলাসহ ৪০ কেজি খাদ্যসামগ্রী ছিল। এছাড়া বিভিন্ন এলাকার মাদ্রাসায় প্রায় ২ হাজার ছাত্রকে ইফতারী করানো হয়।

দক্ষিন সুনামগঞ্জের শরীয়তপুর গ্রামে বায়তুল ফালাহ জামে মসজিদে ১ লাখ ৮০ হাজার  টাকা অনুদান দেয়া হয়। একই সাথে মৌলভীবাজার জেলার কনকপুর ইউনিয়ন দিপিয়া গ্রামে বায়তুল আমান মসজিদে ২ লক্ষ টাকা অনুদান দিয়ে মসজিদের অসমাপ্ত কাজ সম্পন্ন করা হয়।












# প্রতিবন্ধীদের জন্য অর্থ সংগ্রহে নবাব উদ্দিনের স্টেপ চ্যালেঞ্জ

দৃষ্টিহীন, মূক ও বধির প্রতিবন্ধী শিশুদের জন্য অর্থ সংগ্রহে আন্তর্জাতিক চ্যারিটি সংস্থা ইস্টহ্যান্ডস চ্যারিটি স্টেপ চ্যালেঞ্জ বা হাঁটার মাধ্যমে টাকা সংগ্রহ করেছে। সংস্থার চেয়ারম্যান নবাব উদ্দিন দেড় মাস ধরে প্রতি সপ্তাহে ৬০ হাজারের বেশী স্টেপ হেঁটেছেন এই অর্থ সংগ্রহের জন্য। এতে ৩ হাজার পাউন্ড সংগ্রহ করা হয়।

# সিলেটের দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের বিদ্যালয়ে এক মাসের খাবার দিলো ইস্টহ্যান্ডস

প্রতি বছরের ন্যায় এবারো ইস্ট হ্যান্ডস ইউকে'র উদ্যোগে সিলেটের দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের বিদ্যালয়ে এক মাসের খাবার প্রদান করা হয়েছে। নগরীর জিন্দাবাজারস্থ গ্রীণ ডিজেবল ফাউন্ডেশনের প্রতিবন্ধী শিশুদের মধ্যে এ খাবার প্রদান করা হয়। খাবারের তালিকায় ছিল চাল, ডাল, তেল, আটা, ময়দা, পেঁয়াজ, হলুদ, মরিচ, ধনিয়া, লবন এবং আলু।

(১ এপ্রিল) শনিবার পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে যুক্তরাজ্য ভিত্তিক চ্যারিটি অর্গেনাইজেশন ইস্ট হ্যান্ডস এসব খাদ্য সামগ্রী প্রদান করে। সিলেট সিটি কর্পোরেশনের ৫নং ওয়ার্ডের কাউন্সিলর রেজওয়ান আহমদ এসব খাদ্য সামগ্রী ফাউন্ডেশন কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেন।












বরিশালের বানারীপাড়ায় বধির স্কুলের দরিদ্র শিক্ষার্থীদের পরিবারের হাতে তুলে দেয়া হলো ইষ্টহ্যান্ডসের রমজানের ঈদ গিফট। হাই কেয়ার বধির ও মুক স্কুলের ৩০ জন ছাত্র-ছাত্রীর পরিবারের হাতে এই ঈদ গিফট তুলে দেয়া হয়। এতে আটা, ময়দা, গুড়, চিনি, দুধ, তেল, সেমাই, নুডুলস ইত্যাদি দেয়া হয়।








ইস্ট হ্যান্ডস চ্যারিটি পবিত্র মাহে রমজানে ইস্ট লন্ডন মসজিদ, বেথনালগ্রীন বায়তুল আমান মসজিদ ও সেন্ট্রাল লন্ডনের হলবর্ন মসজিদে ফান্ড রেইজ করে। বাংলাদেশের বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য এই ফান্ড রেইজ করা হয়।

# রানির জন্য লাইনে থাকা মানুষের মধ্যে খাবার বিতরণ করলো ইস্ট হ্যান্ডস ও ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্ট

ব্রিটিশ চ্যারিটি ইস্ট হ্যান্ডস ও ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে রানির কফিনে শোক জানানোর জন্য দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকা মানুষের মধ্যে খাবার বিতরণ করা হয়েছে। ১৭ সেপ্টেম্বর মধ্যরাতে টাওয়ার ব্রীজ পয়েন্টে শীতের মধ্যে লাইনে দাঁড়িয়ে থাকা শত শত মানুষের মধ্যে চা, কফি, ক্রোঁসন, মাফিন, কেক , আপেল, কলা, পানি বিতরণ করা হয়। উল্লেখ্য রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুর পর সাধারন জনগনের শোক জানানোর জন্য ৪ দিন ব্যাপী কফিন রাখা হয়েছে ওয়েস্টমিনিস্টার হলে। এই শোক জানাতে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ ছুটে এসেন। প্রায় ৮ কিলোমিটার লম্বা লাইনে , ২৪



ঘন্টা পর্যন্ত অপেক্ষা করে মানুষ রানির প্রতি তাদের শেষ শ্রদ্ধা জানান। ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ার ট্রাস্টের চেয়ারম্যান খসরুজ্জামান খসরু বলেন, ২৪ ঘন্টার দীর্ঘ অপেক্ষার ক্লান্তি দূর করতে আমরা একটু প্রজেক্ট হাতে নিয়েছি যৌথভাবে। ১৯ সেপ্টেম্বর পর্যন্ত আমাদের এই



কার্যক্রম বিভিন্ন পয়েন্টে চলতে থাকবে। ইস্টহ্যান্ডসের স্বেচ্ছাসেবক আ স ম মাসুম বলেন, রানি ও দেশের প্রতি মানুষের ভালোবাসা দেখে আমরা অভিভূত। তাই দীর্ঘ লাইনে ক্লান্ত মানুষদের কিছুটা সময়ের জন্য হলেও স্বস্তি এনে দেয়ার জন্যই আমরা যৌথভাবে কাজ করেছি।

## লটারি কমিউনিটি ফান্ড




বাসার পেছনে ও এলটমেন্টে বাগান করার মাধ্যমে শরীর স্বাস্থ্য ভালো করার জন্য একটি প্রজেক্ট গ্রান্ট পেয়েছে ইষ্টহ্যান্ডস। ১ বছর মেয়াদী এই প্রজেক্ট নিউহ্যাম ও টাওয়ার হ্যামলেটসে পরিচালিত হবে। মানুষকে বাগান করার জন্য উৎসাহ দেয়ার পাশাপাশি অভিজ্ঞদের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হবে।

## এনএইচএস ট্রাষ্ট ও টাওয়ার হ্যামলেটস কাউন্সিল




কষ্ট অব লিভিংয়ের কারনে সমস্যায় থাকা মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি, তাদেরকে পরামর্শ দেয়ার জন্য ৬ মাসব্যাপী এই প্রজেক্ট পেয়েছে ইস্ট হ্যান্ডস। যারা লোন নিয়ে সমস্যায় রয়েছে, বিদ্যুত ও গ্যাস বিল নিয়ে সমস্যায় রয়েছে, বেনিফিট সমস্যা ইত্যাদি বিষয়ে সঠিক পরামর্শ দেয়ার জন্য এই প্রজেক্ট চলবে টাওয়ার হ্যামলেটসে।




## আলবার্ট হান্ট ট্রাষ্ট




সবজি চাষের মাধ্যমে ভালো থাকার জন্য আলবার্ট হান্ট ট্রাষ্টের এই প্রজেক্ট চালাবে ইষ্টহ্যান্ডস। এটি মূলত টাওয়ার হ্যামলেটসের বাসিন্দাদের জন্য পরিচালিত হবে।



পবিত্র রমজানে হোয়াইটচ্যাপেলের ব্যবসায়ীদের সাথে খোলা আকাশের নিচে ইফতারীর আয়োজন করা হয়। এতে মার্কেটের ব্যবসায়ীদের পাশাপাশি পথচারীরা অংশ নেন। এই প্রজেক্ট ব্রিটিশ বাংলা ওয়েলফেয়ারের সাথে যৌথভাবে আয়োজন করা হয়।




ভয়ংকর ভূমিকম্পে তুরস্কে ক্ষতিগ্রস্থ পরিবারের জন্য ইষ্টহ্যান্ডসের পক্ষ থেকে ফান্ড হস্তান্তর করা হয় হিউম্যান রিলিফ ফাউন্ডেশনের কাছে। এসময় হিউম্যান রিলিফ ফাউন্ডেশনের পক্ষে উপস্থিত ছিলেন খয়রুল শহীদ।




খরা পীড়িত পূর্ব আফ্রিকার দেশ সোমালীল্যান্ডে পানির ট্যাংক দেয়া হয়। এতে পরিবারগুলো পানি সংগ্রহ করে দীর্ঘদিন পর্যন্ত ব্যবহার করতে পারবে।







রাজা তৃতীয় চার্লস যখন বিবিপিআইয়ের কাউন্সিলার আবদাল উল্লা ও আয়েশা কোরেশী এমবিই, জেপি'র আমন্ত্রণে পূর্ব লন্ডনে আসেন সেদিন রাজার সাথে ইস্ট হ্যান্ডস চ্যারেটির চেয়ারম্যান নবার উদ্দিন দেখা করেন। তিনি রাজার সাথে কথা বলেন। ব্রিটেনে বাংলাদেশীদের মুক্তিযুদ্ধের অবদানের গল্প শুনান। একই সাথে ব্রিটেনে ব্রিটিশ বাংলাদেশীদের অবদানের কথা তুলে ধরেন।

EASTHANDS
inspiring change

## Mission

To serve people in need and communities in crisis with innovative solutions to build better lives keeping humanitarian principles alive.

## Vision

To ensure a range of outcome-focused functions for people in desperate need so they can have more chances in life

## Core Values

Our core values drive our vision, our mission and our interaction with our grantees; they are what we are all about

## What we are working

* Safe Water * Health * Education * Shelter * Livelihood
* Vulnerable People * Climate Crisis & Emergency * Fellowship
* Seasonal * Review and Add – FOOD bank

## Integrity

We honour our commitments and act with fairness, honesty, and respect every day without compromising the truth.

## Empowerment

We empower those around us and share what we know and attempt to make those around us better. We give those around us respect, responsibility, and control over their own tools so that they can begin to create and innovate for themselves.

## Equality

We believe in fairness, objectivity and mutual respect; we have no room for discrimination.

## Excellence

We give our best to the task at hand at all times; with dedication and commitment we put our heart and mind in the work to get the best.

## Community

We strive to help and improve the communities where we work and live. We value creativity and innovation at every level. We seek out new possibilities and solutions to create success.


EASTHANDS
inspiring change
WWW.EASTHANDS.ORG

# WHEELCHAIR & SEWING MACHINE PROJECT

**EMPOWERING WOMEN:**
EastHands has launched a sewing machine project to help the poor women in Bangladesh to earn a livelihood for themselves by working remotely and be with their families.



Sewing Machine From
£80

Wheelchair From
£70



**WHEELCHAIR FOR PEOPLE WITH DISABILITY**
Disability is a major issue in Bangladesh, and the poor and needy families cannot afford disability equipment such as wheelchair, especially in remote areas.

EastHands aims to assist those most in need and support those families that are facing financial difficulties to buy wheelchairs to facilitate mobility.

**PLEASE DONATE GENEROUSLY**
to help us to deliver 50 Wheelchairs and 50 Sewing Machines by December 2022

www.justgiving.com/campaign/Wheelchair-sewingmachine22
Or send your donation to:
EastHands
Lloyds Bank
Account Number : 46581060
Sort Code : 30-91-91
[When you make a bank transfer, please put the reference WSMP22]
Thank you for being there for the desperately needy



This project is initiated by EastHands Ambassador
Poly Rahman

**EastHands**
East London Office
7 Martha St, London E1 2ER
EastHands International Charity
(Charity Registration Number 119143)
Operates on a 100% donation policy


# HOW TO DONATE

There are many ways you can support or donate to EastHands Charity,





**Credit/Debit Card:**
You can safely and securely make one off donation/payment to the below bank account, please quote the appeal as reference.
**Account Name : EastHands**
**Account No : 46581060**
**Sort Code : 30-91-91**

DIRECT Debit

**Regular Giving:**
You can set up a regular monthly donation/contribution to EastHands charity.
Bank: Lloyds
**Account Name:** EastHands
**Account No:** 46581060
**Sort Code:** 30-91-91


## East London Office

7 Martha Street
London E1 2PX
United Kingdom

18 Spelman Street
London E1 5LQ
United Kingdom

Mobile: 07956 441694, 07960 549796
07940 934130, 07957 655781
Email: easthandsuk@gmail.com
Charity Registration No. 1191463
www:easthands.org | What'sApp: + (44) 7960 549796